

এসকে সোহেল | খুলনা | 18 May, 2025

বাগেরহাটের মোরেলগঞ্জ ঘরের পাশের সীমানা ও কলা গাছ রোপন সংক্রান্ত বিরোধের জেরে বড় ভাই ও ভাতিজার পিটুনিতে সুনীল মাতা (৫৫) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

শনিবার (১৭ মে) রাত ৯টার দিকে উপজেলার রামচন্দ্রপুর ইউনিয়নের ডুমুরিয়া গ্রামে এই মারধরের ঘটনা ঘটে। পরে তার স্বজনরা উদ্ধার করে বাগেরহাট-২৫০ শয্যা জেলা হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহত সুনীল মাতা ওই গ্রামের সুধাংশু মাতার ছেলে। হামলাকারী নিখিল মাতা নিহতের বড় ভাই। নিলকান্ত মাতা (ভাতিজা) নিখিল মাতার ছেলে।

মোরেলগঞ্জ থানা অফিসার ইনচার্জ (ওসি) মো: রাজীব আল রশিদ বলেন, ঘরের পাশের সীমানা ও কলা গাছ রোপনকে কেন্দ্র করে শনিবার (১৭ মে) বিকেলে সুনীল মাতার সাথে তার বড় ভাই নিখিল মাতা ও ভাইয়ের ছেলে নিলকান্ত মাতার ঝগড়া হয়। এই ঘটনার জেরে রাত ৯টার দিকে নিখিল ও তার ছেলে নিলকান্ত কৃষক সুনীলকে পিটিয়ে ও কুপিয়ে জখম করে। স্থানীয়রা উদ্ধার করে বাগেরহাট সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত্যু ঘোষণা করেন। পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। অভিযুক্তরা গা ঢাকা দিয়েছে বাগেরহাট-২৫০ শয্যা জেলা হাসপাতাল মর্গে ময়নাতদন্ত শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে। এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:46

URL: <https://www.timestodaybd.com/public/khulna/7758072640>